অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/26/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অ্যাকুয়াকালচার শিল্পকে সহায়তা প্রদানের জন্য তার অনুরোধের পর সাফোক কাউন্টির জন্য USDA দুর্যোগ ঘোষণা জারির ঘোষণা দিয়েছেন

এই ঘোষণার ফলে সাফোক এবং নাসাউ কাউন্টির যোগ্য উৎপাদকরা স্বল্প-সুদে জরুরি ঋণ এবং দুর্যোগ সহায়তার জন্য আবেদন করতে পারবেন

তীব্র শীতকালীন আবহাওয়ার কারণে লং আইল্যান্ডের যেসকল অ্যাকুয়াকালচার উৎপাদনকারীদের ক্রিয়াকলাপে মারাত্মক ক্ষতি হয়েছে, তাদের জন্য গত 6 এপ্রিল গভর্নর ফেডারেল দুর্যোগ ঘোষণার অনুরোধ জানিয়েছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, অ্যাকুয়াকালচার শিল্পকে সহায়তা প্রদানের জন্য তার অনুরোধের পর ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অব অ্যাগ্রিকালচার (United States Department of Agriculture, USDA) সাফোক কাউন্টির জন্য একটি সেক্রেটারিয়াল ডিজাস্টার ডেজিগনেশন জারি করেছে। 2026 সালের ফেব্রুয়ারির ভারী তুষারপাত এবং কয়েক সপ্তাহ ধরে চলা মারাত্মক ঠাণ্ডায় জমে যাওয়ার মতো পরিস্থিতি কাউন্টির অ্যাকোয়াকালচার উৎপাদনকারীদের অপারেশনে বড় ধরনের প্রভাব ফেলেছে, উৎপাদনকারীরা সব মিলিয়ে আনুমানিক মোট 2.4 মিলিয়ন মার্কিন ডলার ক্ষতির মুখোমুখি হয়েছেন। এই দুর্যোগ ঘোষণার ফলে সাফোক কাউন্টি এবং সংলগ্ন নাসাউ কাউন্টির ক্ষতিগ্রস্ত খামারগুলো এখন দুর্যোগ সহায়তা এবং স্বল্প-সুদে জরুরি ঋণের জন্য আবেদন করতে পারবে।

"গত মাসের শুরুর দিকে, আমি USDA-কে দ্রুত পদক্ষেপ নিয়ে সাফোক কাউন্টিকে দুর্যোগ এলাকা হিসেবে ঘোষণা করতে এবং আমাদের অ্যাকুয়াকালচার চাষিদের আগের পরিস্থিতিতে নিয়ে যাওয়া ও এগিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় সহায়তা পেতে সাহায্য করার আহ্বান জানিয়েছিলাম," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই সেক্রেটারিয়াল দুর্যোগ ঘোষণার মাধ্যমে যেসব উৎপাদক আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছেন, তারা এখন স্বল্প-সুদে ঋণের সুবিধা নিতে পারবেন, যা তাদের কার্যক্রম চালিয়ে যেতে সহায়তা করবে। আমি দীর্ঘদিন ধরে এই গুরুত্বপূর্ণ কৃষি খাতের উন্নয়ন ও সমৃদ্ধিতে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং এই দুর্দশার সময়েও স্টেট শিল্পখাতটিকে সমর্থন প্রদান অব্যাহত রাখবে।"

এই বছরের ফেব্রুয়ারিতে লম্বা সময় ধরে ঠাণ্ডায় জমে যাওয়ার মতো তাপমাত্রা, ভারী তুষারপাত, এবং উপকূলীয় পানিতে ব্যাপক বরফ জমাট বাঁধার কারণে ওয়েস্টার চাষীরা শেলফিশ চাষের এলাকায় প্রবেশ করতে পারেননি এবং স্বাভাবিক সংগ্রহ ও ফার্মের অপারেশন পরিচালনা করতে

পারেননি। অনেক বে এবং ওয়াটারওয়েতে বরফ জমে থাকার কারণে লম্বা সময় ধরে নৌযান ও অ্যাকুয়াকালচার সাইটের অ্যাক্সেস বন্ধ হয়ে যায় এবং এর ফলে অ্যাকুয়াকালচার সরঞ্জাম, নৌযান এবং ফার্মের ইনফ্রাস্ট্রাকচারের ক্ষতি হয়। শিল্পখাতের অংশীদার এবং স্থানীয় কর্মকর্তাদের পরিচালিত একটি জরিপে অনুমান করা হয়েছে যে, অনেক চাষী উৎপাদনে 30 শতাংশেরও বেশি ক্ষতির সম্মুখীন হচ্ছেন এবং যেসব চাষী র‍্যাক, লাইন ও জাহাজের ক্ষতির কথা জানিয়েছেন তারা মেরামত ও প্রতিস্থাপন ব্যয়ে মোট 2,396,500 মার্কিন ডলারের আনুমানিক খরচের মুখোমুখি হচ্ছেন।

স্টেট কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ. বল) এবং স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)-এর কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) ক্ষয়ক্ষতির ব্যাপ্তি আরও ভালোভাবে বোঝার জন্য 8 এপ্রিল, 2026 তারিখে লং আইল্যান্ডে ক্ষতিগ্রস্ত বেশ কয়েকটি ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন করেন।

নিউ ইয়র্ক স্টেট কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ. বল) বলেন, "এই শীতকালে আমাদের শেলফিশ চাষীরা যে ক্ষতির সম্মুখীন হয়েছেন তা ছিল নজিরবিহীন, এবং এই গুরুতর ক্ষতির কারণে তাদের কয়েক মিলিয়ন মার্কিন ডলারের ক্ষতি হয়েছে। আমি গভর্নরের শিল্পখাতটির প্রতি অব্যাহত সমর্থন এবং এই সেক্রেটারিয়াল দুর্যোগ ঘোষণার জন্য USDA-র কাছে তার অনুরোধের জন্য কৃতজ্ঞ। USDA-র কাছে আমাদের উদ্বেগগুলো তুলে ধরার মাধ্যমে আমাদের চাষীরা এখন জরুরি ঋণের সুবিধা পাবেন, যা এই এলাকার কৃষকদের আর্থিক সহায়তা প্রদান করবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (NYS DEC)-এর কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "শীতকালীন আবহাওয়ার সময় লং আইল্যান্ডের উপকূলীয় জলসীমা জুড়ে শেলফিশ অ্যাকুয়াকালচার জনগোষ্ঠী মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল, যার ফলে জীবিকার জন্য এই সম্পদের ওপর নির্ভরশীল চাষীরা ব্যাপকভাবে প্রভাবিত হয়েছেন। ক্ষতিগ্রস্ত ব্যবসা মালিকদের সহায়তা করার জন্য শেলফিশ অ্যাকুয়াকালচার শিল্পের পক্ষে USDA সেক্রেটারিয়াল দুর্যোগ ঘোষণার আহ্বান জানিয়ে গভর্নর Hochul (হোকল)-এর অব্যাহত প্রচেষ্টার জন্য আমরা তাকে ধন্যবাদ জানিয়ে যাচ্ছি। সম্ভাব্য NOAA ফিশারি ডিজাস্টার ঘোষণার পরবর্তী ধাপ হিসেবে DEC ক্ষতিগ্রস্ত ব্যবসা মালিকদের মাছ ধরার আয় সংক্রান্ত তথ্য এবং ল্যান্ডিং রিপোর্ট জমা দেওয়ার জন্য উৎসাহিত করছে।"

স্টেট সিনেটর Monica R. Martinez (মনিকা আর. মার্টিনেজ) বলেন, "অধিকাংশ মানুষের জন্য এই শীতের কঠোর আবহাওয়া ছিল একটি অসুবিধা কিন্তু লং আইল্যান্ডের অ্যাকুয়াকালচার শিল্পের জন্য তীব্র ঠাণ্ডা ও বরফ তাদের পরিচালনাকারীদের উল্লেখযোগ্য ক্ষতির কারণ হয়েছে। আমি গভর্নর Hochul (হোকল) এবং USDA-কে ধন্যবাদ জানাই, কারণ তারা আমাদের অঞ্চলের অর্থনীতির অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অংশের ওপর এই চরম আবহাওয়ার প্রভাবকে স্বীকৃতি দিয়েছে, যখন এটি ক্ষয়ক্ষতি থেকে পুনরুদ্ধারের পথে রয়েছে।"

অ্যাসেম্বলি সদস্য Charles Lavine (চার্লস ল্যাভিন) বলেন, "রেকর্ড পরিমাণ তুষারপাত এবং তাপমাত্রার তীব্র পতনের কারণে গত শীতকাল সাম্প্রতিক স্মৃতিতে আমাদের অভিজ্ঞ সবচেয়ে ভয়াবহ শীতগুলোর একটি ছিল। কঠোর আবহাওয়ার পরিস্থিতি আমাদের সকলের ওপর প্রভাব ফেলেছিল। এখন, গভর্নর Hochul (হোকল)-এর উদ্যোগের কারণে অ্যাকুয়াকালচার শিল্পে লং আইল্যান্ডের যেসব ব্যবসা প্রতিষ্ঠান তাদের কার্যক্রমে উল্লেখযোগ্য ক্ষতির সম্মুখীন হয়েছে, তারা খুব শিগগিরই অত্যন্ত প্রয়োজনীয় কিছু আর্থিক সহায়তা পাওয়ার ক্ষেত্রে আরো সহজ সুযোগ পাবে।"

অ্যাসেম্বলি সদস্য Michaelle Solages (মিশেল সোলাজেস) বলেন, "লং আইল্যান্ডের অ্যাকুয়াকালচার শিল্প আমাদের উপকূলীয় অর্থনীতি এবং স্থানীয় পরিচয়—উভয়েরই একটি গুরুত্বপূর্ণ অংশ। এই শিল্পখাত নাসাউ এবং সাফোক কাউন্টিজুড়ে ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠান এবং কর্মজীবী জলতীরবর্তী কমিউনিটিগুলোকে সহায়তা করে। এটি অত্যন্ত স্বস্তির বিষয় যে গভর্নর Hochul (হোকল)-এর মতো একজন নির্বাহী নেতা রয়েছেন, যিনি গত মৌসুমের চরম শীতকালীন আবহাওয়া শেলফিশ চাষীদের ওপর যে গুরুতর প্রভাব ফেলেছে তা উপলব্ধি করতে পারেন এবং তাদের আর্থিক বোঝা লাঘব করতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণে ইচ্ছুক। জলবায়ু-সম্পর্কিত আবহাওয়াজনিত ঘটনাগুলো উপকূলীয় শিল্পগুলোর ওপর ক্রমবর্ধমান চাপ সৃষ্টি করে চলায়, লং আইল্যান্ডের সামুদ্রিক অর্থনীতিকে টিকিয়ে রাখা শ্রমিক ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সুরক্ষিত রাখতে আমাদের অবশ্যই প্রতিশ্রুতিবদ্ধ থাকতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য Steve Stern (স্টিভ স্টার্ন) বলেন, "অ্যাকুয়াকালচার শিল্প সাফোক কাউন্টির অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ এবং সামুদ্রিক পরিবেশ আমাদের নাজুক বাস্তুতন্ত্রের সামগ্রিক সুস্থতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। অস্বাভাবিকভাবে কঠোর শীতকাল উল্লেখযোগ্য ক্ষতির কারণ হয়েছে এবং এই শিল্পখাতকে নেতিবাচকভাবে প্রভাবিত করেছে, যা মূলত ছোট পরিবার-পরিচালিত কার্যক্রম নিয়ে গঠিত। আমি গভর্নর Hochul (হোকল), স্টেট কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ. বল) এবং স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (DEC)-এর কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন)-এর প্রচেষ্টার প্রশংসা করছি, যারা ফেডারেল সরকারের কাছ থেকে একটি সেক্রেটারিয়াল ডিজাস্টার ডেজিগনেশন নিশ্চিত করতে কাজ করেছেন, যার ফলে শেলফিশ অ্যাকুয়াকালচার খাত ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অব অ্যাগ্রিকালচার থেকে জরুরি ঋণের সুবিধা পাবে, যাতে তারা কার্যক্রম চালিয়ে যেতে এবং এগিয়ে যেতে পারে।"

অ্যাসেম্বলি সদস্য Judy Griffin (জুডি গ্রিফিন) বলেন,, "লং আইল্যান্ডের শেলফিশ অ্যাকুয়াকালচার শিল্পের জন্য এই সহায়তা তহবিল সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও পরিবার-পরিচালিত ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে তাদের ক্ষতি পুষিয়ে নিতে এবং স্থিতিশীলতা পুনরুদ্ধারে সহায়তা করবে। এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ ভারী তুষারপাত এবং তীব্র শৈত্যপ্রবাহের কারণে সৃষ্ট ক্ষতি লাঘব করবে, যাতে নাসাউ এবং সাফোক কাউন্টির এসব ব্যবসা প্রতিষ্ঠান আবারও সমৃদ্ধ হতে পারে। আমাদের স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করার ক্ষেত্রে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য আমি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব অ্যাগ্রিকালচার এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (DEC)-এর প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য Tommy John Schiavoni (টমি জন স্কিয়াভোনি) বলেন, "গত শীতকালের ধ্বংসাত্মক প্রভাব বিবেচনায় আমাদের অ্যাকুয়াকালচার শিল্পের জন্য ফেডারেল সরকারের একটি দুর্যোগ ঘোষণা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই ঘোষণার ফলে আমাদের কৃষকরা স্বল্প-সুদে ঋণ পাওয়ার সুযোগ পাবেন, যা তাদের কার্যক্রম পূর্ণ সক্ষমতায় পুনরুদ্ধার করতে সহায়তা করবে। আমি এই ঐতিহ্যবাহী শিল্পখাতের গুরুত্ব স্বীকার করার জন্য গভর্নরের প্রতি কৃতজ্ঞ এবং যারা লং আইল্যান্ডের সামুদ্রিক সংস্কৃতি ও এর ব্লু ইকোনমির পক্ষে কাজ করছেন তাদের পাশে দাঁড়াতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য Rebecca Kassay (রেবেকা কাসে) বলেন, "এর অসংখ্য উপকূলীয় কমিউনিটির কারণে লং আইল্যান্ডের পরিচয় আমাদের অ্যাকুয়াকালচার শিল্পের সঙ্গে গভীরভাবে জড়িত: এটি আমাদের অর্থনীতি, পরিবেশ এবং ঐতিহ্যের একটি গুরুত্বপূর্ণ অংশ। গত মৌসুমের তীব্র শীতকালীন আবহাওয়া আঞ্চলিক শেলফিশ চাষি এবং ছোট পরিবার-পরিচালিত কার্যক্রমগুলোর জন্য বিশাল চ্যালেঞ্জ সৃষ্টি করেছিল, যারা সারা বছর আমাদের স্থানীয় শিল্পকে টিকিয়ে রাখতে কাজ করে। আমি এই ফেডারেল দুর্যোগ ঘোষণাটি নিশ্চিত করার জন্য লড়াই করা এবং জরুরি সহায়তার সুযোগের মাধ্যমে লং আইল্যান্ডের অ্যাকুয়াকালচার কমিউনিটিকে সহায়তা করার জরুরি প্রয়োজনীয়তাকে স্বীকৃতি দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই। এই সহায়তা ক্ষতিগ্রস্ত উৎপাদকদের পুনরুদ্ধার, পুনর্গঠন এবং আগামী প্রজন্মের জন্য সাফোক কাউন্টির সামুদ্রিক ঐতিহ্য ও অর্থনীতিতে অবদান রাখা অব্যাহত রাখতে সহায়তা করবে।"

সাফোক কাউন্টি এক্সিকিউটিভ Ed Romaine (এড রোমেইন) বলেন, "এটি অত্যন্ত সুখবর, কারণ সাফোক কাউন্টিতে যারা জলভিত্তিক জীবিকার সঙ্গে যুক্ত তারা তাদের শিল্পখাতের সমৃদ্ধি দেখতে প্রতিশ্রুতিবদ্ধ। এই তহবিল আমাদের অয়েস্টার চাষিদের একটি ভয়াবহ শীতকাল থেকে পুনরুদ্ধারে সহায়তা করবে, যে শীতকাল ব্যয়বহুল সরঞ্জাম ধ্বংস করে দিয়েছিল। শেলফিশ শিল্প সাফোক কাউন্টির ইতিহাসের একটি অংশ এবং এই গুরুত্বপূর্ণ ব্যবসাকে টেকসই ও ক্রমবর্ধমান রাখতে আমাদের সবাইকে সর্বোচ্চ চেষ্টা করতে হবে।"

এই USDA দুর্যোগ ঘোষণার ফলে সাফোক কাউন্টি এবং সংলগ্ন কাউন্টি হিসেবে নাসাউ কাউন্টির খামার পরিচালনাকারীরা USDA-র ফার্ম সার্ভিস এজেন্সি (Farm Service Agency, FSA) থেকে জরুরি ঋণের জন্য বিবেচিত হওয়ার যোগ্য হবেন, যদি তারা যোগ্যতার শর্ত পূরণ করেন। ত্রাণ প্রোগ্রামে আবেদন করার জন্য যোগ্য কাউন্টির ফার্মারদের কাছে ডিজাস্টার ডিক্লারেশনের তারিখ থেকে আট মাস সময় থাকে। কৃষকরা তাদের স্থানীয় FSA অফিসের সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেন: আপনার স্থানীয় USDA সার্ভিস সেন্টার খুঁজুন | Farmers.gov

এছাড়াও, এই আবহাওয়াজনিত ঘটনার জন্য ন্যাশনাল ওশেনিক অ্যান্ড অ্যাটমোসফেরিক অ্যাডমিনিস্ট্রেশন (National Oceanic and Atmospheric Administration, NOAA)-এর ফেডারেল ফিশারিজ ডিজাস্টার ডেজিগনেশন মূল্যায়নে সহায়তা করার জন্য DEC অ্যাকুয়াকালচার শিল্পকে তাদের অফিসে ল্যান্ডিং রিপোর্ট জমা দেওয়া অব্যাহত রাখতে উৎসাহিত করছে। AGM এবং DEC এই তীব্র আবহাওয়াজনিত ঘটনাকে পর্যবেক্ষণ এবং

ক্ষয়ক্ষতির প্রতিবেদন সংগ্রহের জন্য গঠিত একটি আন্তঃসংস্থা ওয়ার্কগ্রুপের অংশ হিসেবে বৈঠক অব্যাহত রেখেছে।

শিল্পখাতের সহায়তা ও সম্পদ সম্পর্কে আরো জানতে ভিজিট করুন: https://agriculture.ny.gov/aquaculture-wild-caught-seafood

শেলফিশ অ্যাকোয়াকালচার ইন্ডাস্ট্রি হলো নিউ ইয়র্কের কৃষি খাত এবং উপকূলীয় অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ, এটি মূলত ছোট এবং পরিবারের মালিকানার অপারেশন দিয়ে গঠিত এবং আঞ্চলিক সীফুড উৎপাদন ও চাকরির ক্ষেত্রে তারা অবদান রাখে।

সাফোক কাউন্টির জন্য USDA-র দুর্যোগ ঘোষণার পাশাপাশি, সংস্থাটি 2025 এবং 2026 ফসল বছরে সংঘটিত সাতটি পৃথক দুর্যোগ ঘোষণার মাধ্যমে নিউ ইয়র্কের আরো 50টি কাউন্টিকে প্রাথমিক প্রাকৃতিক দুর্যোগ এলাকা হিসেবে ঘোষণা করেছে। এখানে আরো জানুন: https://www.fsa.usda.gov/news-events/news.

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন